JAN. 03 2002

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... পৃষ্ঠা ১২ কলাম ৪

# সার্ক শীর্ষ কাল শুরু ॥ সাত নেতাকে স্বাগত জানাতে কাঠমন্ডু প্রস্তুত, পতাকা ব্যানারে উৎসবের আবহ–নিশ্ছিদ্র নিরাপত্তা

খায়রুল আনোয়ার, *কাঠমন্ডু থেকে*

কাঠমন্ডু এখন প্রস্তুত। দক্ষিণ এশিয়ার সাতটি দেশের শীর্ষ নেতাদের স্বাগত জানানোর অপেক্ষায় ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দর। বিমানবন্দর থেকে শুরু করে শীর্ষ সম্মেলনস্থল রাজা বীরেন্দ্র আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র এবং নগরীর মোড়ে মোড়ে শোভা পাচ্ছে সাত দেশের পতাকা। সার্কের সাফল্য কামনা করে টানানো হয়েছে ব্যানার। বুধবার নগরীর কয়েকটি এলাকা ঘুরে উৎসবের আবহ লক্ষ্য করা যায়। তবে সার্ক শীর্ষ সম্মেলন এবং মাওবাদী সংগঠনের তৎপরতার কারণে পুরো নগরী নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা জারি রয়েছে। বুধবার সামরিক বাহিনীর হেলিকপ্টার কয়েক দফা কাঠমন্ডুর আকাশে চক্কর দেয়। সামরিক বাহিনী এবং অন্যান্য নিরাপত্তা বাহিনীর সদস্যরা নগরীর গুরুত্বপূর্ণ সকল পয়েন্ট ও বিশেষ বিশেষ সড়কের নিয়ন্ত্রণ গ্রহণ করেছে। ভুটানের রাজার পরিবর্তে এবার সার্কে সে দেশের প্রধানমন্ত্রী যোগ দেবেন। ভুটানের প্রধানমন্ত্রী লিনপো কে ওয়াংচুক বুধবার কাঠমন্ডু পৌঁছেছেন। মালদ্বীপের প্রেসিডেন্ট মামুন আব্দুল গাইয়ুম আজ আসছেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী খালেদা জিয়া, ভারতের প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী, পাকিস্তানের প্রেসিডেন্ট পারভেজ মোশারফ এবং শ্রীলঙ্কার প্রেসিডেন্ট চন্দ্রিকা কুমারাতুঙ্গা ৪ জানুয়ারি শুক্রবার সম্মেলনের দিন এসে পৌঁছাবেন। দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থার (সার্ক) সাতটি সদস্য দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানগণ শীর্ষ সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে ভাষণ দেবেন। পরদিন শনিবার তাঁরা যাবেন অবকাশ যাপনে নাগরকোটে। রবিবার শীর্ষ সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে 'কাঠমণ্ডু' ঘোষণা প্রকাশ করা হবে। এখন পর্যন্ত যা আভাস পাওয়া গেছে, এবার 'কাঠমন্ডু ঘোষণায়' সন্ত্রাসবাদ দমন ইস্যুটি প্রাধান্য পাবে।

## রবিবার সমাপনীতে কাঠমন্ডু ঘোষণা ॥ সন্ত্রাসবাদ দমন ইস্যু প্রাধান্য পাবে

স্বাগতিক দেশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা সাংবাদিকদের জানান, সার্ক শীর্ষ সম্মেলনের আলোচ্যসূচী এবং কাঠমন্ডু

(১১ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## সার্ক শীর্ষ কাল শুরু

(১২-এর পাতার পর)

ঘোষণা ইতোমধ্যে তৈরি করা হয়েছে। এ আলোচ্যসূচী অনুযায়ী সন্ত্রাস নিয়ন্ত্রণ, অর্থনৈতিক পুনর্গঠন ও দারিদ্র্য বিমোচনের আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির বিষয়গুলোই এবারের সম্মেলনে আলোচনার কেন্দ্রে থাকবে।

একাদশ সার্ক শীর্ষ সম্মেলন সফল করতে স্বাগতিক দেশ নেপালের সরকার সব আয়োজনই প্রায় সম্পন্ন করেছে। সার্ক দেশের পররাষ্ট্র সচিবদের বৈঠক মঙ্গলবার কাঠমন্ডুতে শেষ হয়েছে। বুধবার থেকে শুরু হয়েছে পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক। ভারতের পররাষ্ট্রমন্ত্রী যশবন্ত সিং, পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী আব্দুল সাত্তার, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এম মোরশেদ খানসহ সদস্য সকল দেশের পররাষ্ট্রমন্ত্রীগণ বৈঠকে অংশ নিচ্ছেন। স্থানীয় সময় বিকাল সাড়ে পাঁচটা পর্যন্ত বৈঠক চলছিল।

### মোরশেদ-যশবন্ত বৈঠক হয়নি

এদিকে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এম মোরশেদ খানের সঙ্গে বুধবার ভারতের পররাষ্ট্রমন্ত্রী যশবন্ত সিংয়ের বৈঠক হয়নি। সার্ক পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকের আগে ওই দুই পররাষ্ট্রমন্ত্রী বৈঠকে মিলিত হবেন এমন খবর জানিয়েছিলেন বাংলাদেশের কর্মকর্তারা। পররাষ্ট্রমন্ত্রীদ্বয়ের দ্বিপক্ষীয় বিষয় নিয়ে আলোচনা করার কথা ছিল। পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক আজও চলবে। তবে মোরশেদ খান ব্রিটিশ প্রধানমন্ত্রীর সফর উপলক্ষে বুধবার সন্ধ্যায় ঢাকা রওনা হয়ে গেছেন। তিনি শুক্রবার প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সঙ্গে সার্ক শীর্ষ সম্মেলনে যোগ দেবেন।

### বাংলাদেশের বাণিজ্যমেলা উদ্বোধন

বুধবার কাঠমন্ডুর একটি হোটেলে বাংলাদেশের একক বাণিজ্যমেলা শুরু হয়েছে। মেলা চলবে ৬ জানুয়ারি পর্যন্ত। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী মোরশেদ খান এবং নেপালের বাণিজ্য ও শিল্পমন্ত্রী পূর্ণ বাহাদুর খাতব যৌথভাবে মেলা উদ্বোধন করেন।

নেপাল চেম্বারের সভাপতি রবি ভক্তা শ্রেষ্ঠাও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

### নেপালী প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক

পররাষ্ট্রমন্ত্রী মোরশেদ খান দুপুরে নেপালের প্রধানমন্ত্রী শের বাহাদুর দেওবাহর সঙ্গে বৈঠক করেন।